

দৈনিক ইত্তেফাক

১৫

ভেড়াবাড়ী ডিগ্রী

কলেজে তালা :

অধ্যক্ষ পলাতক

পীরগঞ্জ (রংপুর) থেকে সংবাদদাতা ॥
রংপুরের পীরগঞ্জ উপজেলার ভেড়াবাড়ী ডিগ্রী
মহাবিদ্যালয়ে অনির্দিষ্টকালের জন্য তালা
ঝুলিয়ে দেয়া হয়েছে। ছাত্র, শিক্ষক ও
অভিভাবকদের সমন্বয়ে গঠিত সংগ্রাম পরিষদ
অধ্যক্ষের পদত্যাগের দাবীতে গতকাল
মঙ্গলবার এই তালা ঝুলিয়ে দেয়। অধ্যক্ষ
জাহাঙ্গির আলম কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই
চারজন 'প্রভাবক' নিয়োগের নামে সকলের
অগোচরে ৭ লাখ টাকা হাতিয়ে নিয়ে ডুয়া
কাগজপত্রের মাধ্যমে এমপিও ভুক্তির প্রচেষ্টা
চালালে গত ১লা মার্চ এ তথ্য ফাঁস হয়ে পড়ে।
অধ্যক্ষ গা-ঢাকা দিয়েছেন। এদিকে
ছাত্র/ছাত্রীরা অভিন্ন দাবীতে অনির্দিষ্টকালের
জন্য ক্লাস বর্জন শুরু করে দিয়েছে।